



GOVT. OF WEST BENGAL

VIDYANAGAR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE

VILL+P.O.- VIDYANAGAR \* DIST.- PURBA BARDHAMAN \* PIN - 741319

Email Id. - vidyanagar1965@gmail.com, Website - https://vidyanagargovt.wbptti.in/



## বিজ্ঞপ্তি

অত্যন্ত আনন্দ ও গর্বের সাথে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পূর্ব বর্ধমান জেলার কালনা মহকুমার অন্তর্গত 'বিদ্যানগর গভর্নমেন্ট পি.টি.টি.আই.' (Vidyanagar Government P.T.T.I.) প্রতিষ্ঠানে বর্তমানের শুধুমাত্র ছাত্রদের জন্য নির্ধারিত ব্যবস্থার পরিবর্তে সহ-শিক্ষা (Co-Educational) ব্যবস্থা চালু করার জন্য প্রশাসনিক অনুমোদন ও অনুমোদন-পত্র (Administrative Approval & Affiliation Order) পাওয়া গেছে। পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ 'পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ'-এর মাননীয় সচিব এই অনুমোদন পত্র প্রদান করেছেন এবং এটি আসন্ন ২০২৬ - ২০২৮ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।

এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে আমি অত্যন্ত আনন্দের সাথে এই গুরুত্বপূর্ণ বিষয়টি প্রতিষ্ঠানের বর্তমান ও প্রাক্তন শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীগণ, বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীদের এবং স্থানীয় মানুষদের, অভিভাবক এবং শুভানুধ্যায়ীদের কাছে তুলে ধরছি এবং বিষয়টি ব্যাপকভাবে প্রচারের অনুরোধ জানাচ্ছি।

এর ফলে, 'পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ' কর্তৃক ভর্তির আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশের পর, ডি.এল.এড. (D.El.Ed.) কোর্সে (রেগুলার/সরাসরি পাঠদান বা 'ফেস-টু-ফেস' মোড) ভর্তির জন্য পুরুষ ও মহিলা-উভয় শ্রেণীর আগ্রহী প্রার্থীরাই এই প্রতিষ্ঠানে আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। আগ্রহী সকল প্রার্থীদের অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন আসন্ন ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তির গুরুত্বপূর্ণ তথ্য জানতে প্রাইমারি বোর্ডের নিম্নলিখিত ওয়েবসাইট অথবা সুনির্দিষ্ট লিঙ্কগুলিতে নিয়মিত পরিদর্শন করেন এবং সেই অনুযায়ী আবেদন করেনঃ

- <https://wbbpe.wb.gov.in>
- <https://wbbpe.wb.gov.in/pages/notice.aspx>
- [https://wbbpe.wb.gov.in/pages/important\\_links.html](https://wbbpe.wb.gov.in/pages/important_links.html)

আমাদের এই স্বনামধন্য প্রতিষ্ঠানে ভাবী শিক্ষকদের স্বাগত জানানোর অপেক্ষায় রইলাম।

তারিখঃ ০৪/০৬/২০২৬

ধন্যবাদান্তে,

*Sangram Aland* 04/06/2026.

Lecturer-In-Charge  
Vidyanagar Govt. PTTI  
Vidyanagar, Purba Bardhaman

Lecturer-in-charge  
Vidyanagar Govt. P.T.T.I.  
Vidyanagar  
Purba Bardhaman